দৈনিক সংবাদ

MAR. 1 4 2001
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১২ কলাম ৩

# বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন আজ

আজ বুধবার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ অনুষ্ঠানের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে দেশের কৃষি উন্নয়নে অনন্য অবদানের স্বীকৃতি হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডক্টর অফ সায়েন্স ডিগ্রি প্রদান করা হবে। বিশ্ববিদ্যালয় থেকে অটাম ৯৭, উইন্টার ৯৭, উইন্টার ৯৮, সামার ৯৯, অটাম ৯৯, উইন্টার ৯৯, সামার ২০০০ এবং অটাম ২০০০ টার্মে উত্তীর্ণ ২৩৩ জন এমএস এবং পিএইচডি ডিগ্রিধারীর মধ্যে সনদপত্র বিতরণ করা হবে। নিশ্ছিদ্র নিরাপত্তার মধ্য দিয়ে সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের নেতৃত্বে প্রশাসনিক ভবন থেকে সমাবর্তন মঞ্চ পর্যন্ত শোভাযাত্রার মধ্যদিয়ে সমাবর্তন অনুষ্ঠান শুরু হবে। অনুষ্ঠানে সমাবর্তন ভাষণ দেবেন বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য এবং বিশিষ্ট সাইন্টিস্ট এমেরিটাস ডক্টর কাজী এম বদরুদ্দোজা। এছাড়া অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এএম আশরাফুল কামাল, শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক, প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি বিচার-পতি সাহাবুদ্দীন আহমদ ভাষণ দেবেন।